২৪ এর গণ-অভুত্থ্যান ছিল অবধারিত: মনির হায়দার

২০২৪ সালের ৫ আগস্ট যে গণ-অভ্যুত্থান ঘটেছিল, সেটি ছিল অবধারিত—এমন মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার। তিনি বলেন, “এটার কোনো বিকল্প ছিল না। এটা ঘটবার জন্য যা যা করার, তার ষোল কলা পূর্ণ করেছিল বিগত স্বৈরশাসক শেখ হাসিনা।”

গতকাল শুক্রবার রাত সাড়ে আটটায় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে “গণ-অভ্যুত্থান পরবর্তী মেহেরপুর: আজ ও আগামী” শীর্ষক এক সুধীজন সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

সভায় সভাপতিত্ব করেন, মেহেরপুরের জেলা প্রশাসক সিফাত মেহনাজ। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন, মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, সদর উপজেলা, নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম অতিরিক্ত পুলিশ সুপার জামিলুর রহমান খান, মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজ উদ্দিন খান, সদর উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, এনসিপির কেন্দ্রীয় যুগ্ম মুখ্য সমন্বয়ক শাকিল আহমেদ, সরকারি পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট মোখলেসুর রহমান খান স্বপন, মেহেরপুর জেলা ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি আতিফ আহমেদ, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সদস্য সচিব মুজাহিদুল ইসলাম প্রমুখ।

সভায় বক্তারা গণ-অভ্যুত্থান পরবর্তী পরিস্থিতি, মেহেরপুরের উন্নয়ন সম্ভাবনা, এবং আগামী দিনের করণীয় নিয়ে আলোচনা করেন।